

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ১৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/২৩ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৯৩-আইন/২০২০।—বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১৫ নং আইন) এর ধারা ১৯, ধারা ১২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, সরকারের পূর্বানুমোদনক্রমে, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা :—

“তফসিল”

[প্রবিধান ২(ঝ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	পরিচালক	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে শ্রেণিতে বদলির মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : উপ-পরিচালক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি।

(৩৮৩৯)

মূল্য : টাকা ১২.০০

(১)	(২)	(৩)	(৪)	(৫)
				শ্রেণিতে বদলির ক্ষেত্রে : জেলা ও দায়রা জজ বা অতিরিক্ত জেলা ও দায়রা জজ পদমর্যাদার কর্মকর্তা।
২।	উপ-পরিচালক	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে শ্রেণিতে বদলির মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : সহকারী পরিচালক বা গবেষণা কর্মকর্তা পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। শ্রেণিতে বদলির ক্ষেত্রে : যুগ্ম-জেলা জজ পদমর্যাদার কর্মকর্তা।
৩।	সহকারী পরিচালক	৩০ বৎসর	(ক) মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে শ্রেণিতে বদলির মাধ্যমে; এবং (খ) ৫০ (পঞ্চাশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : (ক) গ্রন্থাগারিক অথবা ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি, তবে আইন বিষয়ে উক্তরূপ ডিগ্রি এবং তৎসহ অ্যাকাউন্টিং, কম্পিউটার, বিচার, প্রশাসন, গবেষণা, প্রকাশনা বা গ্রন্থাগার সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে। শ্রেণিতে বদলির ক্ষেত্রে : সিনিয়র সহকারী জজ বা সহকারী জজ পদমর্যাদার কর্মকর্তা: তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট পদটি হিসাব সংক্রান্ত হইলে বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৪।	গবেষণা কর্মকর্তা	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে।	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি, তবে গবেষণা, বিচার, আইন পেশা, কম্পিউটার বা লাইব্রেরি সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে।</p> <p>প্রেষণে বদলির ক্ষেত্রে : সিনিয়র সহকারী জজ বা সহকারী জজ পদমর্যাদার কর্মকর্তা:</p>
৫।	গ্রন্থাগারিক	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : ক্যাটালগার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।</p>
৬।	শারীরিক প্রশিক্ষক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড)সহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।
৭।	ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার	৩৫ বৎসর	মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং ৫০ (পঞ্চাশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : ডাটা এন্ট্রি অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ডাটা এন্ট্রি অপারেটর পদে ৭ (সাত) বৎসরের কাজের অভিজ্ঞতা; এবং (গ) কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতা।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৮।	প্রশাসনিক কর্মকর্তা	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : সাঁটলিপিকার বা উচ্চমান সহকারী বা একান্ত সচিব পদে ১৫ (পনেরো) বৎসরের চাকরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটারে দাপ্তরিক কাজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।
৯।	স্টোর-কিপার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা।
১০।	হিসাবরক্ষক	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : ক্যাশিয়ার-কাম-হিসাব সহকারী পদে ৩ (তিন) বৎসরের চাকরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।
১১।	কম্পিউটার অপারেটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা টাইপে ২৫ শব্দ এবং ইংরেজি টাইপে ৩০ শব্দের গতি এবং সংশ্লিষ্ট বিষয়ে স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে।
১২।	সাঁটলিপিকার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বাংলা টাইপে প্রতি মিনিটে ২৫ শব্দ ও শর্টহ্যান্ডে ৫০ এবং ইংরেজি টাইপে প্রতি মিনিটে ৩০ শব্দ ও শর্টহ্যান্ডে ৮০ শব্দের গতি।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৩।	উচ্চমান সহকারী	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৭ (সাত) বৎসরের চাকরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।
১৪।	ক্যাটালগার	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : লাইব্রেরি সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি ও কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিষয়ে ডিপ্লোমা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিষয়ে ডিপ্লোমা।
১৫।	একান্ত সচিব	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি, তবে কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে।
১৬।	কেয়ারটেকার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি, তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে।
১৭।	ক্যাশিয়ার- কাম-হিসাব সহকারী	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৮।	ডাটা এন্ট্রি অপারেটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতা।
১৯।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলা টাইপে প্রতি মিনিটে ২৫ শব্দ ও ইংরেজি টাইপে প্রতি মিনিটে ৩০ শব্দের গতি।
২০।	লাইব্রেরি সহকারী-কাম-মুদ্রাক্ষরিক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলা টাইপে প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজি টাইপে প্রতি মিনিটে ৩০ শব্দের গতি।
২১।	টেলিফোন অপারেটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
২২।	গাড়ী চালক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্স হালকা ও ভারী যানবাহন চালনায় বাস্তব অভিজ্ঞতা।
২৩।	অ্যাসিস্ট্যান্ট ভার্টিক্যাল ট্রান্সপোর্ট অ্যাটেন্ডেন্ট/লিফটম্যান	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত ক, খ এবং গ শ্রেণির লাইসেন্স থাকিতে হইবে।
২৪।	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
২৫।	ডেসপাচ রাইডার	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : অফিস সহায়ক পদে ৩ (তিন) বৎসরের চাকরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটর সাইকেল ও সাইকেল চালনায় বাস্তব অভিজ্ঞতা।
২৬।	বাবুর্চি	৩৫ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাবুর্চির কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
২৭।	ক্লাসরুম এটেনডেন্ট	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২৮।	বুক বাইন্ডার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২৯।	বুক স্টার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩০।	অফিস সহায়ক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩১।	সহকারী বাবুর্চি	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৩২।	ডাইনিং বয়	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৩৩।	নিরাপত্তা প্রহরী	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে সামরিক, পুলিশ বা আনসার বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে এবং সেই ক্ষেত্রে তাহাদের বয়সসীমা শিথিলযোগ্য।
৩৪।	মালী	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে।
৩৫।	সুইপার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে পেশাগত সুইপার শ্রেণির প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে।

২। বিশেষ বিধান।—এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সরকারি অফিসের বিদ্যমান পুরানো পদনাম পরিবর্তন সংক্রান্ত ৪ ফেব্রুয়ারি, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের পরিপত্র নং-০৫.০০.০০০০.১৫১.১৬.০৩৬.১২-৫০ এর প্রেক্ষিতে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৭ এর তফসিলে উল্লিখিত ‘গার্ড, দারওয়ান এবং নৈশ প্রহরী’ পদনামসমূহ ‘নিরাপত্তা প্রহরী’ পদ নামে অভিহিত হইবে এবং তাহারা যে শর্তে চাকরিতে নিয়োজিত ছিলেন সেই একই শর্তে নিয়োজিত থাকিবেন।

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের আদেশক্রমে

মীর মোঃ এমতাজুল হক
পরিচালক (প্রশাসন) ভারপ্রাপ্ত।